



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে

স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	৫
সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	১২
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১৩
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১৪
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	১৫

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of the Department/Organization)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

ভূ-উপরিস্থ পানি সরবরাহের লক্ষ্যে ১১০ এমএলডি (দৈনিক ১১ কোটি লিটার) ক্ষমতা সম্পন্ন “বঙ্গবন্ধু ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট” এবং ৭৭.৭২ কোটি লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন ইম্পাউন্ডিং রিজার্ভার নির্মাণ করা হয়েছে। রূপসা নদীর তলদেশ দিয়ে প্রায় ৪০ ফুট গভীরে ১০০০ মিঃমিঃ ব্যাসের ৬৪৫ মিটার পানির পাইপ লাইন স্থাপন করা হয় যা বাংলাদেশে এটিই প্রথম। খুলনা মহানগরীতে ৬৫০ কিলোমিটার পানি সরবরাহের বিতরণ পাইপ লাইন স্থাপন করে প্রায় ৪০,০০০ বাসগৃহে মিটারের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ করা হচ্ছে। বর্তমানে পানি সরবরাহের কভারেজ বৃদ্ধি পেয়ে প্রায় ৮০%-এ এবং ভূ-উপরিস্থ পানি সরবরাহের পরিমাণ ৬৫%-এ উন্নীত হয়েছে। মাসিক রাজস্ব আদায়ের হার বৃদ্ধি পেয়ে ৯৭.৭৫% এ উন্নীত হয়েছে। খুলনা ওয়াসায় কম্পিউটারাইজড বিলিং, একাউন্টিং ও ইনভেন্টরি সফটওয়্যার চালু করা হয়েছে এবং সঠিক মিটার রিডিং সংগ্রহপূর্বক সময়মত বিল প্রস্তুত নিশ্চিত করতে ‘স্মার্ট মিটার রিডিং’ পদ্ধতি চালু করা হয়েছে। খুলনা ওয়াসায় গ্রাহকের অভিযোগ/সমস্যা তাৎক্ষণিকভাবে অবিহত হয়ে সমাধানের লক্ষ্যে কল সেন্টার সেবা চালু করা হয়েছে। গ্রাহকগণ এক-পে সেবা এবং মোবাইল ফোন থেকে জি-পে, শিওর ক্যাশ, বিকাশ, নগদ এবং ডাচ বংলা ব্যাংকের রকেট এর মাধ্যমে খুলনা ওয়াসার পানির বিল পরিশোধ করতে পারছেন। পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থা চালুর লক্ষ্যে এডিবি’র আর্থিক সহযোগীতায় “খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প” প্রণয়ন করে প্রথম পর্যায়ের (২০২০-২০২৫ সাল) বাস্তবায়ন কাজ পরিচালিত হচ্ছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

জলবায়ু পরিবর্তনজনিত কারণে খুলনা অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানিতে লবণাক্ততা দিন দিন বৃদ্ধি হওয়ায় ও পানির স্তর নিচে নেমে যাওয়ায় বিশেষ করে শুরু মৌসুমে (মার্চ,এপ্রিল ও মে মাস) জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের কারণে মধুমতি নদীর পানির লবনাক্ততা ক্রমাগত বৃদ্ধি হতে থাকে, যা স্বাভাবিক ব্যবহার ও গ্রহণযোগ্য লবনাক্ততা সীমা (২০০ mg/l) হতে অনেক বৃদ্ধি (প্রায় ২০০০ mg/l) পাওয়ার পরিপ্রেক্ষিতে গুনাগুন সম্বলিত পর্যাপ্ত পানি খুলনাবাসী কে সরবরাহ করা অন্যতম চ্যালেঞ্জ। এ ছাড়া খুলনা মহানগর এলাকায় পানির স্তর অনেক উপরে থাকায় এবং মাটি অনেক নরম হওয়ায় বাস্তবায়নধীন খুলনা স্যুরারেজ সিস্টেম উন্নয়ন প্রকল্পের আওতায় স্যুরার নেটওয়ার্ক বাস্তবায়নে অনেক চ্যালেঞ্জ এর সম্মুখীন হতে হচ্ছে।

ভবিষ্যৎ পরিকল্পনা:

ভূ-উপরিস্থ ও ভূ-গর্ভস্থ পানির অনুপাত ৯০:১০ বাস্তবায়নের লক্ষ্যে এবং খুলনা মহানগরীতে ১০০% পানি সরবরাহ করার লক্ষ্যে “খুলনা পানি সরবরাহ প্রকল্প ২য় পর্যায়” গ্রহণ করার পরিকল্পনা হয়েছে এবং এডিবি থেকে আর্থিক সহায়তা পাওয়া যাবে। এই প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ২০৩০ সালের মধ্যে শতভাগ নিরাপদ সুপেয় পানি সরবরাহ করা সম্ভব হবে। “খুলনা পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্প ফেজ-২” বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে এবং এডিবি থেকে আর্থিক সহায়তা পাওয়া যাবে। ২০৩০ এর মধ্যে দ্বিতীয় পর্যায়ে Sewerage System স্থাপনের কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে এসউজি লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১০৫০টি হোল্ডিং এ পানির সংযোগ প্রদান।
- নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ ১১০ এম এল ডি-তে উন্নীত করা।
- ১৪৫টি পানির গুণগত মান পরীক্ষা করা।
- ডিমান্ড বিলের ৯৮% রাজস্ব আদায়।
- নন রেভিনিউ ওয়াটার (এন আর ডব্লিউ) হ্রাসকরণ ১৭.৫০% এ উন্নীত করা।
- স্যুরারেজ পাইপলাইন নেটওয়ার্ক এর মালামাল সংগ্রহ ৪০ কি:মি:
- স্যুরার পাইপ লাইন স্থাপন ৩০ কি:মি:।
- স্যুরারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট (এসটিপি) নির্মাণ বাস্তবায়ন ৩০%।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা

এবং

সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের জুলাই মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশ বান্ধব উন্নত পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে গ্রাহক সেবার সন্তোষ্টি অর্জন।

১.২ অভিলক্ষ্য (Mission)

যথাযথ পরিকল্পনা, ডিজিটালাইজড সিস্টেম ব্যবহার, দক্ষ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, মানব সম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করে নিরাপদ পানি সরবরাহ এবং পরিবেশ বান্ধব পয়ঃনিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে সর্বোত্তম সেবা প্রদান।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ কার্যক্রম সম্প্রসারণ।
২. পানি সরবরাহে পাইপলাইন রক্ষণাবেক্ষণ, মিটারিং ব্যবস্থা ও সরবরাহ ব্যবস্থা পর্যবেক্ষণ।
৩. খুলনা মহানগরীতে পরিবেশ বান্ধব সুয়্যারেজ সিস্টেম কার্যক্রম পরিচালনা করা।
৪. প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়ন।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. আবাসিক, দাপ্তরিক, শিল্প কারখানা ও বাণিজ্যিক প্রতিষ্ঠানে নিরাপদ সুপেয় পানি সরবরাহের উদ্দেশ্যে পানি উৎপাদন, সংরক্ষণ ও সরবরাহের জন্য প্রয়োজনীয় অবকাঠামো উন্নয়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ।
২. দীর্ঘমেয়াদী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা উন্নয়নের জন্য সঠিক ও বাস্তবসম্মত পরিকল্পনা গ্রহণ।
৩. সিস্টেমলস যুক্তিসংগত মাত্রায় কমিয়ে আর্থিক ব্যবস্থার উন্নয়ন ও রাজস্ব আয় বৃদ্ধি।
৪. পয়ঃসেবা নিশ্চিত করার লক্ষ্যে পয়ঃনিষ্কাশন ব্যবস্থার অবকাঠামোগত উন্নয়ন।
৫. প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করে মানসম্পন্ন গ্রাহকসেবা নিশ্চিতকরণ।

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা ২০২৩-২৪	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৪-২০২৫	২০২৫-২০২৬		
পানি উৎপাদন ও সরবরাহ	উৎপাদিত পানি	দৈনিক মিলিয়ন লিটার (এমএলডি)	১১০	১১০	১১০	১১১	১১২	স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ স্থানীয় সরকার বিভাগ	*৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা পৃষ্ঠা- ৪৯৯ : নগরীর পানি সরবরাহ, পৃষ্ঠা- ৪৯৯ : সরণি ৯.১২ : বিনিয়োগের অগ্রাধিকারপ্রাপ্ত ক্ষেত্রসমূহ/ কর্মসূচিসমূহ:- ১. সকলের জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা *৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা পৃষ্ঠা- ৪১৯ : সরণি ৮.২: পরিবেশ ব্যবস্থাপনার প্রধান লক্ষ্যসমূহ:- শহরে জনগোষ্ঠীর মধ্যে পাইপলাইনের মাধ্যমে পানি সংযোগপ্রাপ্তদের অনুপাত (%), পৃষ্ঠা- ৪৬৯ : নগরীর পানি সরবরাহ

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ কার্যক্রম সম্প্রসারণ।	২৫	[১.১] খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ	[১.১.১] উৎপাদিত পানি	ক্রমপুঞ্জিভূত	দৈনিক মিলিয়ন লিটার (এমএলডি)	৮	১১০	১১০	১১০	১০৫			১১১	১১২	
		[১.২] পানির সংযোগ প্রদান	[১.২.১] পানির সংযোগ	সমষ্টি	সংখ্যা	৬	১৫০০	১০০০	১০৫০	৯৪৫			১০০০	১০৫০	
		[১.৩] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইনের মালামাল সংগ্রহ	[১.৩.১] সংগ্রহকৃত মালামাল	সমষ্টি	কি:মি:	৬	৪	৩.৫০	৪.০০	৩.৬০			৪	৪	
		[১.৪] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইন নির্মাণ	[১.৪.১] স্থাপনকৃত সার্ভিস লাইন	সমষ্টি	কি:মি:	৫	৪	৩.৫০	৩.৫০	৩.১৫			৪	৪	
[২] পানি সরবরাহে পাইপলাইন রক্ষণাবেক্ষণ, মিটারিং ব্যবস্থা ও সরবরাহ ব্যবস্থা পর্যবেক্ষণ।	২১	[২.১] সরবরাহকৃত পানির এলাকাভিত্তিক নমুনা পরীক্ষা	[২.১.১] পানির নমুনা পরীক্ষা	সমষ্টি	সংখ্যা	৭	১৩০	১৪০	১৪৫	১৩০			১৫৫	১৬০	
		[২.২] পাইপ লাইনে লিক মেরামত	[২.২.১] মেরামতকৃত লিক	সমষ্টি	সংখ্যা	৫	৬০	৬৫	৬৮	৬০			৬৮	৭০	
		[২.৩] পাইপলাইনের ক্ষতিগ্রস্ত অংশ প্রতিস্থাপন	[২.৩.১] প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্ত পাইপ	সমষ্টি	মিটার	৫	৮০	৩০	৩১	২৮			৩২	৩৪	
		[২.৪] পানি সরবরাহ ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধিতে নন রেভিনিউ ওয়াটার (এন আর ডব্লিউ) হাসকরণ	[২.৪.১] ডিস্ট্রিবিউট মিটার্ড এরিয়া (ডি এম এ) পানি সরবরাহ পর্যবেক্ষণ	ক্রমপুঞ্জিভূত	%	৪	১৮.৫০	১৮.০০	১৭.৫০	১৮			১৭.২৫	১৭.০০	

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] খুলনা মহানগরীতে পরিবেশ বান্ধব সুয়ারেজ সিস্টেম কার্যক্রম পরিচালনা করা।	১৩	[৩.১] সুয়ারেজ পাইপলাইন নেটওয়ার্ক মালামাল সংগ্রহ	[৩.১.১] পাইপলাইন মালামাল	সমষ্টি	কি:মি:	৫		৪০	৫০	৩৫			৬০	৭০	
		[৩.২] সুয়ারেজ ড্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ কাজ বাস্তবায়ন	[৩.২.১] ড্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ	ক্রমপঞ্জিভূত	%	৪		১৫	৩০	২৭			৬০	১০০	
		[৩.৩] সুয়ার পাইপ লাইন স্থাপন কাজ বাস্তবায়ন	[৩.৩.১] পাইপ লাইন স্থাপন	সমষ্টি	কি:মি:	৪		৩০	৩০	২৭			৭০	৮০	
[৪] প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়ন।	১১	[৪.১] রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা	[৪.১.১] রাজস্ব আদায় হার	ক্রমপঞ্জিভূত	%	৬	৯৭.৫০	৯৭.৭৫	৯৮	৯৭.৮৫			৯৮.২৫	৯৮.২৫	
		[৪.২] শূণ্যপদ পূরণকৃত	[৪.২.১] পদোন্নতির মাধ্যমে	সমষ্টি	সংখ্যা	২			৪	৩			৫	৫	
		[৪.৩] পানির সংযোগ প্রদানে অনলাইন ই- কানেকশন সিস্টেম চালুকরণ	[৪.৩.১] অনলাইন আবেদন গ্রহণ প্রক্রিয়া চালুকৃত	সমষ্টি	সংখ্যা	৩			১	১					

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২১-২২	প্রকৃত অর্জন* ২০২২-২৩	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪					প্রক্ষেপণ ২০২৪-২০২৫	প্রক্ষেপণ ২০২৫-২০২৬
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হিসাবে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত:



ব্যবস্থাপনা পরিচালক
খুলনা ওয়াসা

২০/৭/২০২৩

তারিখ



সচিব
স্থানীয় সরকার বিভাগ: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন
ও সমবায় মন্ত্রণালয়

২০/০৭/২০২৩

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এডিপি	এ্যানুয়াল ডেভলপমেন্ট প্রোগ্রাম
২	এডিবি	এশিয়ান ডেভলপমেন্ট ব্যাংক
৩	এন আর ডব্লিউ (NRW)	নন রেভিনিউ ওয়াটার
৪	ওয়াসা (WASA)	ওয়াটার সাপ্লাই এন্ড স্যুয়ারেজ অথরিটি
৫	কি: মি:	কিলোমিটার
৬	ডি এম এ (DMA)	ডিস্ট্রিক্ট মিটার্ড এরিয়া
৭	মি:	মিটার

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] খুলনা শহরে নিরাপদ পানি উৎপাদন ও সরবরাহ	[১.১.১] উৎপাদিত পানি	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[১.২] পানির সংযোগ প্রদান	[১.২.১] পানির সংযোগ	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[১.৩] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইনের মালামাল সংগ্রহ	[১.৩.১] সংগ্রহকৃত মালামাল	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[১.৪] পানি সংযোগ প্রদানের জন্য সার্ভিস লাইন নির্মাণ	[১.৪.১] স্থাপনকৃত সার্ভিস লাইন	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মালামালের চালান ও ভান্ডারভুক্ত কপি।
[২.১] সরবরাহকৃত পানির এলাকাভিত্তিক নমুনা পরীক্ষা	[২.১.১] পানির নমুনা পরীক্ষা	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[২.২] পাইপ লাইনে লিক মেরামত	[২.২.১] মেরামতকৃত লিক	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[২.৩] পাইপলাইনের ক্ষতিগ্রস্ত অংশ প্রতিস্থাপন	[২.৩.১] প্রতিস্থাপনকৃত ক্ষতিগ্রস্ত পাইপ	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[২.৪] পানি সরবরাহ ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধিতে নন রেভিনিউ ওয়াটার (এন আর ডব্লিউ) হাসকরণ	[২.৪.১] ডিস্ট্রিক্ট মিটার্ড এরিয়া (ডি এম এ) পানি সরবরাহ পর্যবেক্ষন	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[৩.১] সুয়ারেজ পাইপলাইন নেটওয়ার্ক মালামাল সংগ্রহ	[৩.১.১] পাইপলাইন মালামাল	প্রাকল্প পরিচালক	মালামালের চালান ও ভান্ডারভুক্ত কপি।
[৩.২] সুয়ারেজ ক্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ কাজ বাস্তবায়ন	[৩.২.১] ক্রিটমেন্ট প্ল্যান্ট (এস টি পি) নির্মাণ	প্রাকল্প পরিচালক	প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন ও প্রত্যায়ন
[৩.৩] সুয়ার পাইপ লাইন স্থাপন কাজ বাস্তবায়ন	[৩.৩.১] পাইপ লাইন স্থাপন	প্রকল্প পরিচালক	প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন ও প্রত্যায়ন
[৪.১] রাজস্ব আদায়ের হার বৃদ্ধি করা	[৪.১.১] রাজস্ব আদায় হার	আঞ্চলিক কর্মকর্তা রাজস্ব শাখা (ক, খ, গ ও ঘ)	মাসিক প্রতিবেদন
[৪.২] শূণ্যপদ পূরণকৃত	[৪.২.১] পদোন্নতির মাধ্যমে	প্রশাসন শাখা, খুলনা ওয়াসা	পদোন্নতি বোর্ড কর্তৃক সুপারিশ পত্র
[৪.৩] পানির সংযোগ প্রদানে অনলাইন ই-কানেকশন সিস্টেম চালুকরণ	[৪.৩.১] অনলাইন আবেদন গ্রহণ প্রক্রিয়া চালুকৃত	আঞ্চলিক কর্মকর্তা (ক, খ, গ ও ঘ)	খুলনা ওয়াসা ওয়েবসাইট

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
পানির সংযোগ প্রদান	পানির সংযোগ	খুলনা সিটি কর্পোরেশন	সংস্থার সাথে কাজের জন্য সমন্বয় সভা আয়োজন।
সুয়্যার পাইপ লাইন স্থাপন কাজ বাস্তবায়ন	পাইপ লাইন স্থাপন	খুলনা সিটি কর্পোরেশন	সংস্থার সাথে কাজের জন্য সমন্বয় সভা আয়োজন।